

JSC/JDC result 2016 Rescrutiny Program starts from 30 December 2016 & will be continued upto 05 January 2017

জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জেডিসি পরীক্ষার ফল পুনরায় যাচাই ৩০ ডিসেম্বর থেকে ৫ জানুয়ারি পর্যন্ত ফল পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। গতকাল ২৯ ডিসেম্বর বৃহস্পতিবার জেএসসি-জেডিসি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। কিন্তু অনেকেই কাঙ্ক্ষিত ফল না পেয়ে হতাশ হয়েছে। তাদের এ হতাশা দূর করার জন্যই মূলত ফল পুনঃনিরীক্ষণের সুযোগ দিচ্ছে বোর্ডগুলো।

শুধু মাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে এসএমএস এর মাধ্যমে আবেদন করা যাবে। এজন্য মোবাইলের মেসেজ অপশনে গিয়ে RSC লিখে স্পেস দিয়ে বোর্ডের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে।

যেমন- যশোর বোর্ডের জন্য- RSC<স্পেস>JES<স্পেস>318039<স্পেস>101 লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। ফিরতি এসএমএসে আবেদন বাবদ যে পরিমাণ টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি পিন নম্বর দেয়া হবে। আবেদনে সন্মত থাকলে আবারও মেসেজ অপশনে গিয়ে RSC লিখে স্পেস Yes লিখে স্পেস দিয়ে পিন নম্বর দিয়ে স্পেস কন্ট্রাক্ট নম্বর (যে কোনো অপারেটর) লিখে আবার ১৬২২২ তে পাঠাতে হবে। প্রতি পত্রের জন্য ১২৫ টাকা চার্জ ধরা হয়েছে।

একটি এসএমএস দিয়ে একাধিক বিষয়ে আবেদন করা যাবে। সেক্ষেত্রে বিষয় কোডের পর কমা (,) ব্যবহার করতে হবে। যেমন- RSC স্পেস দিয়ে Dha স্পেস Roll স্পেস ১০১,১০২ লিখতে হবে। তবে যেসব বিষয়ের দু' টি পত্র (বাংলা ও ইংরেজি) রয়েছে সেসব বিষয়ে একটি বিষয় কোড বাংলার জন্য (১০১) ও ইংরেজির জন্য (১০৭) এর বিপরীতে দু' টি পত্রের জন্য আবেদন গণ্য হবে এবং আবেদন ফি হবে ২৫০ টাকা।